AME(ICT DTCA)
17/12/2017.

অতি জরুরি

নির্বাচন অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
বিআরটিএ সংস্থাপন অধিশাখা
www.rthd.gov.bd

নং-৩৫.০২০.০১৭.০০.০০.০০১.২০১১ (অংশ-২)-৫৪৩

তারিখ ঃ ১৪-১২-২০১৭

## প্রজ্ঞাপন

রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন আগামী ২১ ডিসেম্বর ২০১৭ তারিখ অনুষ্ঠিত হবে। এ পরিপ্রেক্ষিতে ১৯৮৩ সালের মোটর ভেহিক্যাল্স অধ্যাদেশ (১৯৮৩ সালের ৫৫ নম্বর অধ্যাদেশ)-এর ৮৮ ধারা অনুযায়ী রংপুর সিটি কর্পোরেশন নির্বাচন উপলক্ষে ভোটগ্রহণের জন্য নির্ধারিত দিবসের পূর্ববর্তী মধ্যরাত অর্থাৎ ২০ ডিসেম্বর, ২০১৭ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২১ ডিসেম্বর, ২০১৭ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা পর্যন্ত নিম্নোক্ত যানবাহন চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে ঃ

| | | |
|---|---|---|
| (১) বেবী ট্যাক্সি/ অটোরিক্সা | (৪) জীপ | (৭) বাস |
| (২) ট্যাক্সি ক্যাব | (৫) পিক আপ | (৮) ট্রাক |
| (৩) মাইক্রোবাস | (৬) কার | (৯) টেম্পো |

২। এছাড়া, ১৯ ডিসেম্বর, ২০১৭ তারিখ দিবাগত মধ্যরাত ১২:০০ টা হতে ২২ ডিসেম্বর, ২০১৭ তারিখ মধ্যরাত ১২:০০টা পর্যন্ত মোটর সাইকেল চলাচলের উপর নিষেধাজ্ঞা আরোপ করতে হবে।

৩। এ নিষেধাজ্ঞা রিটার্নিং অফিসারের অনুমতি সাপেক্ষে প্রতিদ্বন্দ্বী প্রার্থী/তাঁদের নির্বাচনী এজেন্ট, দেশী/বিদেশী পর্যবেক্ষকদের (পরিচয়পত্র থাকতে হবে) ক্ষেত্রে শিথিলযোগ্য। তাছাড়া, নির্বাচনের সংবাদ সংগ্রহের কাজে নিয়োজিত দেশী/বিদেশী সাংবাদিক (পরিচয়পত্র থাকতে হবে), নির্বাচনের কাজে নিয়োজিত কর্মকর্তা-কর্মচারী, আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীর সদস্য, নির্বাচনের বৈধ পরিদর্শক এবং কতিপয় জরুরী কাজে যেমন- এ্যাম্বুলেন্স, ফায়ার সার্ভিস, বিদ্যুৎ, গ্যাস, ডাক, টেলিযোগাযোগ ইত্যাদি কার্যক্রমে ব্যবহারের জন্য উল্লিখিত যানবাহন চলাচলের ক্ষেত্রে উক্ত নিষেধাজ্ঞা প্রযোজ্য হবে না। এছাড়া, জাতীয় মহাসড়ক (Highways), বন্দর ও জরুরী পণ্য সরবরাহসহ অন্যান্য জরুরী প্রয়োজনে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ এরূপ নিষেধাজ্ঞা শিথিল করতে পারবেন।

৪। বর্ণিতাবস্থায়, উল্লিখিত যানবাহনসমূহ চলাচলের উপর উপর্যুক্ত সময়সূচি অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপের জন্য সংশ্লিষ্ট জেলা প্রশাসক, রংপুর-কে এতদ্বারা ক্ষমতা অর্পণ করা হল।

৫। এ নিষেধাজ্ঞা যথাযথভাবে বলবৎ করার জন্য এবং প্রয়োজনবোধে জনসাধারণের অবগতির জন্য ট্রাফিক সাইন প্রদর্শনের নিমিত্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

৬। তথ্য মন্ত্রণালয় এবং প্রয়োজনে স্থানীয় কর্তৃপক্ষ এ নিষেধাজ্ঞা সম্পর্কে বহুল প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

১৪/১২/২০১৭

(ড. মোঃ কামরুল আহসান)
যুগ্মসচিব
ফোন ঃ ৯৫৬১২২৫

অপর পাতায় দ্রষ্টব্য

<u>বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)ঃ</u>

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২। মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, তেজগাঁও, ঢাকা
৩। সিনিয়র সচিব, ............................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
৪। প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্রবাহিনী বিভাগ, ঢাকা সেনানিবাস, ঢাকা
৫। মহাপুলিশ পরিদর্শক, পুলিশ হেডকোয়ার্টার্স, বাংলাদেশ পুলিশ, ঢাকা
৬। সচিব............................................(সংশ্লিষ্ট) কার্যালয়/মন্ত্রণালয়/বিভাগ
৭। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা (ইহার সহিত তাঁর ০৭-১২-২০১৭ তারিখের নং- ১৭.০০.০০০০.০৩৪.৩৭.০১১.১৭(অংশ-১)-৪৬৪ সংখ্যক স্মারকের যোগসূত্র রয়েছে)
৮। মহাপরিচালক, বিজিবি/কোস্ট গার্ড/আনসার ও ভিডিপি, ঢাকা
৯। চেয়ারম্যান, বিআরটিএ, এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
১০। বিভাগীয় কমিশনার, ........................................(সংশ্লিষ্ট)
১১। মহাপরিচালক, র‌্যাপিড এ্যাকশান ব্যাটালিয়ন (র‌্যাব), র‌্যাব হেডকোয়াটার, কুর্মিটোলা, ঢাকা
১২। পুলিশ কমিশনার, ...............................(সংশ্লিষ্ট)
১৩। জেলা প্রশাসক, ....................................................(সংশ্লিষ্ট)
১৪। পুলিশ সুপার, ......................................................(সংশ্লিষ্ট)
১৫। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ......................................( সংশ্লিষ্ট)
১৬। পরিচালক (জনসংযোগ), নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
১৭। উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (প্রজ্ঞাপনটি গেজেটে প্রকাশকরতঃ গেজেটের ৩০০ (তিনশত) কপি জরুরি ভিত্তিতে প্রেরণের জন্য অনুরোধ করা হল)
১৮। উপজেলা নির্বাহী অফিসার...................................... (সংশ্লিষ্ট)
১৯। জেলা নির্বাচন অফিসার,...................................(সংশ্লিষ্ট)
২০। একান্ত সচিব, মাননীয় প্রধান নির্বাচন কমিশনার, নির্বাচন কমিশন সচিবালয়, শের-ই-বাংলা নগর, ঢাকা
২১। জেলা কমান্ডেন্ট, আনসার ও ভিডিপি,...............................(সংশ্লিষ্ট)
২২। উপজেলা/থানা নির্বাচন কর্মকর্তা, ..................................................(সংশ্লিষ্ট)
২৩। সিনিয়র সিস্টেম এনালিষ্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (প্রজ্ঞাপনটি সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)

১৪/১২/২০১৭

(ড. মোঃ কামরুল আহসান)
যুগ্মসচিব